গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.mhapsd.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী :

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম খান<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ৩১ জানুয়ারি ২০২৩ |
| সভার সময় | দুপুর: ১২.৪৫ টা |
| স্থান | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সকল সদস্য এবং এ বিভাগের আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল একটি দুর্নীতিমুক্ত দেশ গড়ার। দুর্নীতি প্রতিরোধে বঙ্গবন্ধু বলেছিলেন 'Nation must be united against Corruption'। জাতির পিতার স্বপ্ন পূরণের লক্ষ্যে জননিরাপত্তা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রমে দুর্নীতি রোধ করতে নৈতিকতার কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে মর্মে সভাপতি উল্লেখ করেন। অতপর গত সভার কার্যবিবরণী কোনরূপ সংশোধন/ সংযোজন-বিয়োজন ছাড়াই তা দৃঢ়ীকরণ করা হয়।

২. সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল-কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য কমিটির সকল সদস্যের সাথে আলোচনা করেন। তিনি বলেন, শুদ্ধাচারের প্রতিটি কার্যক্রম যুগোপযোগী তাই এর সঠিক বাস্তবায়ন অতি জরুরী। জাতীয় শুদ্ধাচার কার্যক্রম শুধু আনুষ্ঠানিকতা রক্ষা করা নয়, তা বাস্তবে রূপ দিতে হবে। আমরা যে সকল কার্যক্রম গ্রহণ করি তার ফিডব্যাক যেন সুদূর প্রসারী এবং শুদ্ধাচার নীতি মেনে হয় সে বিষয়টি লক্ষ্য রেখে কাজ করতে হবে। তিনি আরো বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত শুদ্ধাচার সংক্রান্ত নির্দেশনা ও অনুশাসনসমূহ প্রত্যেককে যথাযথভাবে অনুসরণ করতে হবে। এ ক্ষেত্রে জননিরাপত্তা বিভাগ এবং অধিদপ্তর/ সংস্থাসমূহের প্রধানদের সক্রিয় ও কার্যকর ভূমিকা পালন করতে হবে।

৩. সভায় জননিরাপত্তা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) এবং সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে বিস্তারিত আলোচন হয়।

৪. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে স্ব স্ব দপ্তর/সংস্থার জন্য নির্ধারিত বিষয়ের কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের জন্য যে মাননির্ণয় পদ্ধতি নির্ধারণ করা হয়েছে তাতে শীর্ষ স্থান অর্জন করার চেষ্টা অব্যাহত রাখতে হবে।

৫. সভাপতি নির্দেশনা প্রদান করেন যে, কর্মকর্তা/কর্মচারীদের কার্যক্রমে উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার শুদ্ধাচার পুরস্কার (সংশোধন নীতিমালা-২০২১), প্রণয়ন করেছে। সে মোতাবেক জননিরাপত্তা বিভাগ ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের কার্যক্রম গ্রহণ করেছে। সভায় পুরস্কার প্রদান নীতিমালা অনুসারে যোগ্যতা যাচাই-বাছাই করে পুরস্কার প্রদানের বিষয়ে আলোচনা হয়। তিনি কমিটির সকল সদস্যকে এ বিষয়ে অধিকতর কাজ করার জন্য আহ্বান জানান।

৬. সভায় জননিরাপত্তা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), বার্ষিক কর্মসম্পাদান চুক্তি (APA), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), উদ্ভাবনী কার্যক্রম ও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী গ্রহণসহ নিজ নিজ সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদ (update) করার কার্যকর ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়।

৭. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ, প্রতি কোয়ার্টার ভিত্তিক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট কমিটি ও দপ্তর/সংস্থাসমূহের নৈতিকতা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান করাসহ কমিটির সংশ্লিষ্ট সদস্যদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে ও সভায় আলোচনা করা হয়।

৮. সভাপতি বলেন, জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠায়, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা পরিলক্ষিত হলে এ বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে। প্রয়োজনে নৈতিকতা কিমিটির সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

৯. সভায় উপস্থিত দপ্তর/ সংস্থার প্রতিনিধিগণ পৃথক পৃথকভাবে তাদের দপ্তর/সংস্থার কার্যক্রম উপস্থাপন করেন। ২০২২-২০২৩ অর্থবছরে জননিরাপত্তা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলে ঐকমত পোষণ করেন এবং যথাসময়ে নির্ধারিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করবেন মর্মে অঙ্গীকার ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়;

১০. **সিদ্ধান্তসমূহ:**

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১০.১ | জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার প্রশিক্ষণের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশিকা, এ বিভাগের কর্মপরিকল্পনা ও অর্থ মন্ত্রণালয়ের জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। | জননিরাপত্তা বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |
| ১০.২ | কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের (সংশোধন নীতিমালা-২০২১) মোতাবেক জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | |
| ১০.৩ | জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক মাঠ পর্যায়ের কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠাসহ এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা পরিলক্ষিত হলে নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে। এ বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করতে হবে। | |
| ১০.৪ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে জননিরাপত্তা বিভাগ এবং স্ব স্ব দপ্তর/সংস্থার জন্য নির্ধারিত কার্যক্রমের উপর ৩য় কোয়ার্টারে যে লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে তা যথাসময়ে অর্জনের চেষ্টা অব্যাহত রাখতে হবে। | |
| ১০.৫ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩.১ কার্যক্রমে সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | |

১১. সভাপতি উপস্থিত সকলকে তাঁদের নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমিনুল ইসলাম খান
সিনিয়র সচিব